দৈনিক
ইত্তেফাক

তারিখ 25 MAY 2016
পৃষ্ঠা ১৮ কলাম ৪

# ২৭ মের এইচএসসি পরীক্ষা আবার পিছিয়ে ১২ জুন

■ ইত্তেফাক রিপোর্ট

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডসমূহের আওতাধীন আগামী ২৭ মে অনুষ্ঠিতব্য এইচএসসি ও ডিআইবিএস পরীক্ষা ঐদিনের পরিবর্তে ১২ জুন রবিবার (সকাল ১০টা হতে দুপুর ১টা ও দুপুর ২টা হতে বিকাল ৫টা) অনুষ্ঠিত হবে।

রোয়ানু ঝড়ের কারণে এইচএসসির এই পরীক্ষা ২২ মে'র জায়গায় ২৭ মে-তে পিছিয়ে নেওয়া হয়েছিল, ইউপি নির্বাচনের জন্য তা আরো পেছানো হয়েছে।

২৮ মে ইউনিয়ন পরিষদ নির্বাচনের পঞ্চম পর্বের ভোটের দিন থাকায় নির্বাচন কমিশনের অনুরোধে এই পরীক্ষাগুলো আরো পেছানো হয়েছে বলে ঢাকা শিক্ষাবোর্ড জানিয়েছে।

এখন ১২ জুন সকালে অর্থনীতি ও বাণিজ্যিক ভূগোল দ্বিতীয়পত্র, লঘু সংগীত (তত্ত্বীয়) দ্বিতীয়পত্র, নাট্যকলা (তত্ত্বীয়) দ্বিতীয়পত্র, অর্থনীতি ও বাণিজ্যিক ভূগোল দ্বিতীয়পত্র (ডিআইবিএস) বিষয়ের পরীক্ষা হবে।

রসায়ন (তত্ত্বীয়) দ্বিতীয়পত্র, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি দ্বিতীয়পত্র (মানবিক শাখা), ইসলামের ইতিহাস দ্বিতীয়পত্র (ঐচ্ছিক-১), ইসলামের ইতিহাস দ্বিতীয়পত্র (ঐচ্ছিক-২), ইতিহাস দ্বিতীয়পত্র, ইতিহাস দ্বিতীয়পত্র (ঐচ্ছিক-১), ইতিহাস দ্বিতীয়পত্র (ঐচ্ছিক-২), গৃহ-ব্যবস্থাপনা ও শিশুবর্ধন এবং পারিবারিক সম্পর্ক (তত্ত্বীয়) দ্বিতীয়পত্র পরীক্ষা হবে বিকালে।